



নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহণ পুল ভবন, ঢাকা-১০০০।



নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩- ৫৭

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯
১৬ মার্চ, ২০২৩

পরিপত্র-৪

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড, মহানগর কমান্ড এবং উপজেলা কমান্ডের নির্বাচনের লক্ষ্যে ভোটকেন্দ্র স্থাপন।


উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৩/০৫/২০২৩ তারিখ শনিবার একই সাথে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড, মহানগর কমান্ড এবং উপজেলা কমান্ড এর নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রতি উপজেলায় ০১ (এক)টি করে ভোটকেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে, মহানগর এলাকায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ এলাকাভিত্তিক ভোটারের অবস্থান ও ভোটারের সংখ্যা বিবেচনাপূর্বক ভোটকেন্দ্রের সংখ্যা নির্ধারণ করবেন। ভোটকেন্দ্র স্থাপনের ক্ষেত্রে সরকারি মহাবিদ্যালয়/সরকারি উচ্চবিদ্যালয় অথবা সরকারি স্থাপনা ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকের পরামর্শ গ্রহণ/আলোচনা করে রিটার্নিং অফিসার ভোটকেন্দ্র স্থাপন করবেন।

০৩। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড, মহানগর কমান্ড ও উপজেলা কমান্ডের নির্বাচন একই সাথে ০৩ (তিন) রঙের ০৩ (তিন)টি ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে। ফলে, প্রত্যেক ভোটারের ভোট প্রদানের ক্ষেত্রে বেশ কিছু সময় প্রয়োজন হবে। তাই প্রতি ২০০ (দুইশত)জন ভোটারের জন্য ০১ (এক)টি করে ভোটকক্ষ এবং প্রতি ভোটকক্ষে ৩/৪টি বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ভোটকেন্দ্রে ভোট গ্রহণ সম্পন্ন করতে হবে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর কমান্ড ও উপজেলা কমান্ডের নির্বাচনের লক্ষ্যে ভোটকেন্দ্র ও ভোট কক্ষ স্থাপন এবং ভোট গ্রহণের সময় স্বাস্থ্যবিধি পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,


(রতন চন্দ্র পন্ডিত)
প্রধান সমন্বয়কারী

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
টেলিফোন: ০১৭১৬২৬২৯৩৭

০১। জেলা প্রশাসক (সকল)।


০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩- ৫৭/৩ (৩০)

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯
১৬ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
২. বীর মুক্তিযোদ্ধা জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, সাবেক সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন, ২০২২-২৩, ৩/ডি, ইস্টার্ন হাউজিং এপার্টমেন্ট, ৪ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।
৩. জনাব মোঃ আনহার আলী খান, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ২০ ইস্কাটন গার্ডেন, ফ্ল্যাট-৭/এ, ঢাকা।
৪. লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক, স্বাধীনতা পদক, পদ্মশ্রী ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কাউন্সিল, জেলা/ মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৬. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(রতন চন্দ্র পন্ডিত)
প্রধান সমন্বয়কারী